

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৩০

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّانِيُ

আরবী

وَعَنْهُ قَالَ: وَقَّتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِأَهْلِ الْمَشْرِقِ الْعَقِيقَ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَأَبُو دَاوُد

বাংলা

২৫৩০-[২৬] উক্ত রাবী ['আব্দুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্বদিকের অধীবাসীদের ('ইরাকীদের) জন্যে 'আক্লীক নামক স্থানকে (ইহরাম বাঁধার জন্য) মীকাত নির্ধারণ করেছেন। (তিরমিয়ী ও আবু দাউদ)[1]

ফুটনোট

[1] মুনকার : আবূ দাউদ ১৭৪০, তিরমিয়ী ৮৩২, ইবনু আবী শায়বাহ্ ১৪০৬৯, আহমাদ ৩২০৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৯১৮, ইরওয়া ১০০২। কারণ এর সনদে ইয়ায়ীদ ইবনু আবী যিয়াদ একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'আল্লামা ত্ববারী বলেনঃ 'আকীক যাতু 'ইরক-এর নিকটবর্তী একটি উপত্যকার নাম। 'আরব দেশে অনেক জায়গা যা 'আকীক নামে পরিচিত। মূলত পানি প্রবাহের কারণে সে সমস্ত স্থান নালার মতো প্রশন্ত হয়ে যায় ঐ স্থানকে 'আকীক বলা হয়। আযহারী বলেনঃ 'আরব দেশে এরূপ চারটি 'আকীক রয়েছে। 'আল্লামা আলকারী বলেনঃ হাদীসে উল্লেখিত 'আকীক যাতু 'ইরক বরাবর পূর্ব প্রান্তে একটি জায়গার নাম। এটাও বলা হয়ে থাকে যে, তা যাতু 'ইরক এর সীমানার মধ্যে অবস্থিত।

(أَهْلِ الْمَشْرِق) দ্বারা উদ্দেশ্য যাদের আবাস মক্কার হারাম শরীফের বাইরে পূর্ব দিকে অবস্থিত। আর তারা হলো 'ইরাকবাসী। হাদীসের মর্মার্থ এই যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম পূর্ব এলাকার বাসিন্দাদের জন্য 'আকীক



নামক জায়গাকে মীকাত সাব্যস্ত করেছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন